Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-170**

বিষয়: **বাড়িতে শিক্ষানির্দেশনা পরিষেবা**

শ্রেণি: **শিক্ষার্থী**

ইস্যুর তারিখ: **25 অগাস্ট, 2016**

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 5 অগাস্ট, 2009 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-170 কে রহিত করে এবং এর স্থলাভিষিক্ত হয়।

পরিবর্তনসমূহ:

- বাড়িতে শিক্ষানির্দেশনার রেফারাল ফরম (সংযুক্তি নম্বর 1) হালনাগাদকৃত হয়েছে।
- চিকিৎসাদানকারী ডাক্তার কর্তৃক (সংযুক্তি নম্বর 2) মেডিকেল রিকোয়েস্ট ফরম হালনাগাদকৃত হয়েছে।

Department of Education

**চ্যান্সেলরের প্রবিধান**

নম্বর: A-170
**বিষয়:** বাড়িতে শিক্ষানির্দেশনা পরিষেবা
শ্রেণি: শিক্ষার্থী
ইস্যুর তারিখ: 25 অগাস্ট, 2016

## সার-সংক্ষেপ

এই প্রবিধান 5 সেপ্টেম্বর, 2009 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-170-কে রহিত করে। যেসব শিক্ষার্থী স্বাস্থ্যগত/শারীরিক অবস্থা অথবা গুরুতর মানসিক/সাইকোলজিক্যাল/আচরণগত প্রতিবন্ধিতার কারণে নিয়মিত স্কুল ব্যবস্থায় নিজেদেরকে খাপখাওয়াতে পারে না তাদের শিক্ষা-সংক্রান্ত পরিষেবার ব্যবস্থায় এটি যোগ্যতার মাপকাঠি, আবেদন প্রক্রিয়া এবং বিভিন্ন দায়বদ্ধতা ও শর্ত নির্ধারণ করে।

## I. ভূমিকা

A. কমিশনার অভ এডুকেশন অভ দ্যা স্টেট অভ নিউ ইয়র্কের প্রবিধানসমূহের সেকশন 200.6 এবং 175.21 অনুযায়ী, নিউ ইয়র্ক সিটি হোম ইনস্ট্রাকশন স্কুল স্বাস্থ্যগত/শারীরিক অবস্থার বা গুরুতর মানসিক/সাইকোলজিক্যাল/আচরণগত প্রতিবন্ধিতা এবং/অথবা শিক্ষার্থীর সন্তানের স্বাস্থ্যগত/শারীরিক অবস্থা যা শিক্ষার্থীকে স্কুলে উপস্থিত থাকতে বাধার সৃষ্টি করে তেমন কোন কারণে যেসব শিক্ষার্থী যারা কোন নিয়মিত স্কুল ব্যবস্থায় খাপখাওয়াতে পারে না তাদের শিক্ষা-সংক্রান্ত পরিষেবা প্রদান করে। এই প্রবিধান ঐসব শিক্ষার্থীর বেলায় প্রযোজ্য নয় যারা তাদের পিতামাতা কর্তৃক হোম স্কুলে পড়ছে।

B. নির্দিষ্ট পরিস্থিতির অধীনে এবং মানসম্মত প্রক্রিয়া অনুযায়ী, স্কুল-বয়সী পাবলিক, প্রাইভেট অথবা ধর্মীয় স্কুলের শিক্ষার্থী যারা নিউ ইয়র্ক সিটির অধিবাসী তারা ডিপার্টমেন্ট অভ এডুকেশন কর্তৃক বাড়িতে শিক্ষানির্দেশনা পাবার জন্য অনুমোদিত। কিছু নির্দিষ্ট ক্ষেত্রে, প্রাসঙ্গিক ইনডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম (“IEP”) টিম কোন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীকে বাড়িতে শিক্ষানির্দেশনা লাভের সুপারিশ জানাতে পারে। যদি বাড়িতে শিক্ষানির্দেশনা লাভের অনুরোধ অনুমোদিত হয়, তাহলে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের এক বা একাধিক শিক্ষক শিক্ষার্থীর বাড়িতে, অথবা নিয়মিত স্কুল অবস্থানের বাইরের অন্য কোন স্থানে শিক্ষানির্দেশনা প্রদান করেন।

## II. ডিপার্টমেন্ট অভ এডুকেশন হোম ইনস্ট্রাকশন অনুমোদন লাভের সাধারণ শর্তসমূহ

A. শিক্ষার্থীকে অবশ্যই নিউ ইয়র্ক সিটির একজন অধিবাসী এবং 4.9 থেকে 21 বছর বয়সী শিক্ষার্থী হতে হবে যে আগে কোন পাবলিক, প্রাইভেট অথবা ধর্মীয় হাই স্কুল থেকে গ্রাজুয়েট এবং/অথবা ডিপ্লোমা লাভ করেনি।

B. তাকে অবশ্যই এমন অবস্থায় থাকতে হবে যা তাকে আনুমানিক ন্যূনতম চার সপ্তাহের জন্য অস্থায়ীভাবে তার নিয়মিত স্কুলে যাওয়ার অক্ষম বিবেচিত করে। এই অবস্থাসমূহের অন্তর্ভুক্ত: 1) স্বাস্থ্যগত/শারীরিক অবস্থা, 2) স্বাস্থ্যগত/শারীরিক অবস্থা, 3) একটি স্বাস্থ্যগত/শারীরিক অবস্থা যা শিক্ষার্থীর সন্তানের উপর প্রভাব ফেলে তাকে LYFE অথবা অন্য কোন ডে কেয়ার পরিষেবা ব্যবহারে ব্যাঘাত ঘটাচ্ছে। এইসব ক্ষেত্রে, প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী এবং যাদের কোন প্রতিবন্ধিতা নেই তারা স্বল্প-মেয়াদী বাড়ির শিক্ষানির্দেশনা ব্যবস্থা না থাকার জন্যে তাদের আগের স্কুলের আসনে ফিরে যাবে সেটিই প্রত্যাশিত।

C. শিক্ষার্থী অথবা শিক্ষার্থীর সন্তানের স্বাস্থ্যগত/শারীরিক অবস্থার কারণে বাড়ির শিক্ষানির্দেশনার অনুরোধসমূহে অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে পূর্ণভাবে পূরণকৃত হোম ইনস্ট্রাকশন রেফারাল ফরম (সংযুক্তি নম্বর 1), মেডিকেল রিকোয়েস্ট ফরম (সংযুক্ত নম্বর 2) এবং অফিসিয়াল লেটারহেডে ডাক্তারের অনুরোধ - যার অন্তর্ভুক্ত রোগনির্ণয় এবং অবস্থার প্রত্যাশিত সময়। এই রেফারালসমূহ সরাসরি যথাযথ বরো অফিস অভ হোম ইনস্ট্রাকশনে জমা দিতে হবে।

D. গুরুতর মনোরোগের অবস্থার জন্য বাড়ির শিক্ষানির্দেশনার অনুরোধে অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে একটি পূর্ণভাবে পূরণকৃত হোম ইনস্ট্রাকশন রেফারাল ফরম (সংযুক্তি নম্বর 1), মেডিকেল রিকোয়েস্ট ফরম (সংযুক্ত নম্বর 2), এবং অফিসিয়াল লেটারহেডে একজন সাইকায়াট্রিস্টের অনুরোধ যেখানে অন্তর্ভুক্ত থাকবে রোগনির্ণয়, শিক্ষার্থী কেন স্কুলে পড়তে পারছে না তার কারণ, এবং শিক্ষার্থী কখন স্কুলে ফেরত যেতে পারবে সেসম্পর্কিত আনুমানিক তারিখ। এই রেফারালসমূহ সরাসরি যথাযথ বরো অফিস অভ হোম ইনস্ট্রাকশনে জমা দিতে হবে।

E. এমন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যার শারীরিক অথবা মনস্তাত্ত্বিক অসুস্থতা রয়েছে যা শিক্ষার্থীকে পাবলিক স্কুল অথবা প্রাইভেট স্থাপনায় বর্ধিত (যেমন, এক বছর বা বেশি) সময়ের জন্য উপস্থিতিতে বাধা দেয় তার জন্য প্রাসঙ্গিক আইইপি দল বাড়িতে নির্দেশনা সুপারিশ করতে পারে। শিক্ষার্থীর ইনডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEP)-এ বাড়ির শিক্ষানির্দেশনা সুপারিশের আগে, IEP টিমকে অবশ্যই DOHMH অথবা DOE-র ডাক্তার অথবা DOE সাইকায়াট্রিস্ট কর্তৃক ভর্তির সুপারিশ যার ভিত্তি শিক্ষার্থীর পিতামাতা এবং চিকিৎসা প্রদানকারী কর্তৃক জমাদানকৃত ডক্যুমেন্টেশনের পর্যালোচনা – সেগুলি পর্যালোচনা করতে হবে।

F. প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যারা স্পেশালাইজড্ পরিবেশে, একটি SED-অনুমোদিত প্রাইভেট স্কুল অথবা একটি আবাসিক পরিবেশে ভর্তির অপেক্ষায় আছে এবং যারা CSE যখন ভর্তির প্রচেষ্টা চালাচ্ছে

তখন সম্পূরক সহায়তা এবং পরিষেবাসহ তাদের বর্তমান পরিবেশে রাখা যাচ্ছে না তাদের জন্য প্রাসঙ্গিক IEP টিম বাড়ির শিক্ষানির্দেশনা সুপাারিশ করতে পারে।

G. বাড়ির শিক্ষানির্দেশনার সময়সূচি নিয়মিত স্কুল সময়ে অথবা আফটার স্কুলে হতে পারে। এলিমেন্টারি স্কুল-বয়সী শিক্ষার্থীরা প্রতি সপ্তাহে ন্যূনতম পাঁচ ঘণ্টার শিক্ষানির্দেশনা লাভ করে, অগ্রাধিকারক্রমে প্রতিদিন এক ঘণ্টা। সেকেন্ডারি স্কুল-বয়সী শিক্ষার্থীরা প্রতি সপ্তাহে ন্যূনতম দশ ঘণ্টার শিক্ষানির্দেশনা লাভ করে, অগ্রাধিকারক্রমে প্রতিদিন দুই ঘণ্টা।

## III. বাড়ির শিক্ষানির্দেশনার জন্য অনুমোদন প্রক্রিয়া

A. বাড়ির শিক্ষানির্দেশনার অনুরোধ যখন পর্যালোচনার পর্বে থাকে তখন স্কুলগুলির উচিত শিক্ষার্থী ও তাদের পরিবারের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা। বাড়িতে শিক্ষানির্দেশনা প্রদান করা হবে কিনা সেটি নির্ধারণের অপেক্ষায় থাকাকালীন স্কুলওয়ার্ক শিক্ষার্থীর বাড়িতে পাঠাতে হবে।

B. বরো অফিস অভ হোম ইনস্ট্রাকশন বাড়িতে শিক্ষানির্দেশনার রেফারাল ফরম, মেডিকেল রিকোয়েস্ট ফরম, এবং ডাক্তার/সাইকায়াটিস্টের কাছ থেকে চিঠি পাবার পর, DOHMH অথবা DOE-র ডাক্তার অথবা DOE-র সাইকায়াট্রিস্ট কর্তৃক সেই অনুরোধ পর্যালোচনা করা হবে।

1. যদি অনুরোধ অনুমোদন লাভ করে, বরো অফিস অভ হোম ইনস্ট্রাকশন যে স্কুল এবং শিক্ষার্থী/পরিবার অনুরোধ জানিয়েছে তাদের সাথে সরাসরি যোগাযোগ করে পরিষেবা শুরুর সূচি নির্ধারণ করবে। অনুরোধ প্রত্যাথ্যান হলে, বরো অফিস রেফারাল পাঠানো স্কুল, পিতামাতা, এবং কমিটি অন স্পেশাল এডুকেশন অফিসের সাথে ফোনে এবং লিখিতভাবে যোগাযোগ করবে।

2. রেফারিং স্কুলটিকে অতিসত্ত্বর নিশ্চিত করতে হবে যে, শিক্ষার্থী এবং পিতামাতাকে জানানো হয়েছে যে, বাড়িতে শিক্ষানির্দেশনা প্রদানের অনুরোধ প্রত্যাখ্যাত হয়েছে। শিক্ষার্থীকে দ্রুত তার নিয়মিত স্কুল আসনে ফেরত পাঠানোর সকল প্রচেষ্টা অবশ্যই করতে হবে।

**C.** প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য, সম্পৃক্ত CSE শিক্ষার্থী যে স্কুলের সাথে যুক্ত সেই স্কুরে সাধারণ এবং স্পেশাল এডুকেশনের শিক্ষক এবং বাড়িতে শিক্ষানির্দেশনার শিক্ষকের সাথে বার্ষিক পর্যালোচনা মিটিংয়ের আয়োজন করবে।

## IV. অনুমোদিত বাড়ির শিক্ষানির্দেশনা পরিষেবার শর্তাবলি

A. কোন শিক্ষার্থী যদি অনুমোদন লাভ করে এবং বাড়িতে শিক্ষানির্দেশনার জন্য ভর্তি হয় ATS সিস্টেম অবশ্যই তা দেখাবে। প্রতিটি বরো অফিসকে তার নিজস্ব ডিস্ট্রিক্ট-বরো-স্কুল নম্বর অ্যাসাইন করা হয়।

1. আগে শিক্ষার্থী যে NYC পাবলিক স্কুলে পড়েছে সেই স্কুল শিক্ষার্থীর মুলতবিকৃত ডিসচার্জ নোটিস পাবে। স্কুলটি “অন্য একটি NYC পাবলিক স্কুলে যোগদানের” কারণে “00” কোড ব্যবহার করে ডিসচার্জ নিশ্চিত করতে অগ্রসর হবে।

2. NYC প্রাইভেট অথবা ধর্মীয় স্কুলগুলি তাদের শিক্ষার্থীদের ডিসচার্জ করার আগে হোম ইনস্ট্রাকশনে ভর্তির লিখিত নিশ্চিতকরণের চিঠি অবশ্যই পাবে। বরো অফিস লিখিত নিশ্চিতকরণ চিঠি প্রদান করবে।

B. বাড়িতে শিক্ষানির্দেশনার অনুমোদন প্রাপ্ত শিক্ষার্থীরা অবশ্যই নিউ ইয়র্ক সিটির কোন স্কুলের সাথে সংযুক্ত থাকবে। নিউ ইযর্ক সিটি পাবলিক স্কুল শিক্ষার্থীদের জন্য, এই স্কুলটি হলো সেই পাবলিক স্কুল যেখানে শিক্ষার্থী অন্যথায় ভর্তি হতো। যেসব শিক্ষার্থী প্রাইভেট অথবা ধর্মীয় স্কুলে যাচ্ছে তাদের জন্য, এই স্কুলটি হলো সেই প্রাইভেট অথবা ধর্মীয় স্কুল যেখানে শিক্ষার্থী অন্যথায় যেতো। এটি সেই স্কুলও যেখানে শিক্ষার্থী বাড়িতে শিক্ষানির্দেশনা শেষ হবার পর ফিরবে।

1. সংযুক্ত স্কুলটি পড়াশুনার কোর্সগুলির স্বীকৃতি প্রদান করে, অ্যাকাডেমিক রেকর্ড সংরক্ষণ করে যার অন্তর্ভুক্ত গ্রেডসমূহ, ক্রেডিট এবং টেস্ট স্কোর, এবং হোম ইনস্ট্রাকশন শিক্ষককে স্কুলের পাঠ্যক্রম এবং আবশ্যিক টেক্সটে প্রবেশাধিকার দেয়। স্কুলটি শিক্ষার্থীর স্বাস্থ্য এবং ইম্যুনাইজেশন রেকর্ডও সংরক্ষণ করে, ডিপ্লোমা ইস্যু করে এবং প্রযোজ্য হলে স্ট্যান্ডার্ডাইজড্ পরীক্ষা এবং মূল্যায়নের তত্ত্বাবধান করে।

2. যেসব শিক্ষার্থী বাড়ির শিক্ষানির্দেশনায় ভর্তি হয় তারা প্রত্যেক গ্রেডের জন্য প্রোমোশনের যে মান নির্ধারিত রয়েছে সেই একই অ্যাকাডেমিক মাপকাঠি পূরণ করবে সেটিই প্রত্যাশিত, এবং প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা তাদের IEP-র মাপকাঠি পূরণ করবে তাই প্রত্যাশা করা হয়।

C. অনুমোদনদানকারী কর্তৃপক্ষ পরিষেবার অনুমোদন দেবার পর বরো অফিস অভ হোম ইনস্ট্রাকশনের মাধ্যমে একজন হোম ইনস্ট্রাকশন টিচার অ্যাসাইন করা হবে। হোম ইনস্ট্রাকশন টিচার হোম ইনস্ট্রাকশনে শিক্ষার্থী ভর্তির সময়ব্যাপী একটি মানসম্মত শিক্ষানির্দেশনার প্রোগ্রাম নিশ্চিত করতে সংযুক্ত স্কুলটির সাথে একটি দলীয় এবং সহযোগিতামূলক সম্পর্ক বজায় রাখেন।

D. শিক্ষার্থীর বাড়িতে প্রদত্ত শিক্ষানির্দেশনার জন্য, একজন প্রাপ্তবয়স্ক তত্ত্বাবধায়ক সকল হোম ইনস্ট্রাকশনের সময়কালে অবশ্যই উপস্থিত থাকবেন। ঐসব শিক্ষার্থী যাদের সন্তানের স্বাস্থ্যগত/শারীরিক অবস্থার কারণে শিক্ষার্থী বাড়িতে শিক্ষানির্দেশনা লাভে বাধ্য হয়েছে, সেক্ষেত্রে শিক্ষার্থী পিতামাতা ব্যতীত, একজন প্রাপ্ত বয়স্ক সকল হোম ইনস্ট্রাকশন অধিবেশনের সময়ব্যাপী অবশ্যই সন্তানের যত্ন ও তত্ত্ববধানের দায়িত্বে থাকবেন।

## V. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

প্রিন্সিপ্যাল

Home Instruction School Office

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন

3450 East Tremont Avenue

Bronx, NY 10465

ফোন: 718-794-7200

ফ্যাক্স: 718-794-7232

বাগড়িতে শিক্ষানির্দেশনার (হোম ইনস্ট্রাকশন)-এর নীতিমালা, অনুশীলনী, এবং প্রক্রিয়াসমূহ সম্পর্কিত প্রশ্ন নিচে তালিকাভুক্ত যথাযথ বরো-এর অফিস অভ হোম ইনস্ট্রাকশন-এর সুপারভাইজার বরাবর পাঠাতে হবে:

Bronx Home Instruction

(75-X-502)

470 Jackson Avenue, Room 112

Bronx, NY 10455

ফোন: (718) 742-0972

ফ্যাক্স: (718) 742-1792

Staten Island & D 20 Home Instruction

(75-K-503)

360 36th Street, Room 301

Brooklyn, NY 11232

ফোন: (718) 499-2794

ফ্যাক্স: (718) 499-4009

Brooklyn Home Instruction
(75-K-503)
360 36th Street
Brooklyn, NY 11232

Room 318 – D 15, 17, 19, 21, 23
ফোন: (718) 369-5523
ফ্যাক্স: (718) 369-5524

Room 302 – D 13, 14, 16, 18, 22, 32
ফোন: (718) 369-5550
ফ্যাক্স: (718) 499-2305

Manhattan Home Instruction
(75-M-501)
250 West Houston Street, Room 212
New York, NY 10014
ফোন: (646) 486-3557
ফ্যাক্স: (646) 486-3556

Queens Home Instruction
(75-Q-504)
142-10 Linden Blvd, Room 228
Jamaica, NY 1143311436
ফোন: (718) 558-2040
ফ্যাক্স: (718) 529- 0292

# বাড়িতে শিক্ষানির্দেশনার সুপারিশের ফরম

| | | | |
|---|---|---|---|
| **বাড়িতে শিক্ষানির্দেশনা স্কুল** | **3450 East Tremont Avenue**<br>**Bronx, New York 10465**<br>রামোনা পিজারিও **(Ramona Pizarro),** প্রিন্সিপ্যাল | ফোন<br>**718-794-7200** | ফ্যাক্স<br>মেইন অফিস: **718-794-7232**<br>গাইডেন্স: **718-794-7237** |

**বাড়িতে শিক্ষানির্দেশনা অফিস (একটি বেছে নিন):**

| | | | | |
|---|---|---|---|---|
| ❑ **ব্রংক্স**<br>470 Jackson Avenue<br>কামরা 112<br>ক্স , NY 10455<br>(P) 718-742-0972<br>(F) 718-742-1792 | ❑ **ব্রুকলিন**<br>360 36th Street<br>Brooklyn, NY 11232<br>**কামরা 318 – D 15, 17, 19, 21, 23**<br>(P) 718-369-5523<br>(F) 718-369-5524<br>**কামরা 302 – D 13, 14, 16, 18, 22, 32**<br>(P) 718-369-5550<br>(F) 718-499-2305 | ❑ **ম্যানহ্যাটান**<br>250 West Houston Street<br>কামরা 212<br>New York, NY 10014<br>(P) 646-486-3557<br>(F) 646-486-3556 | ❑ **কুইন্স**<br>142-10 Linden Blvd<br>কামরা 228<br>Jamaica, NY 11436<br>(P) 718-558-2040<br>(F) 718-529-0292 | ❑ **স্ট্যাটেন আইল্যান্ড এবং D 20**<br>360 36th Street<br>Brooklyn, NY 11232<br>কামরা 301<br>(P) 718-499-2794<br>(F) 718-499-4009 |

| | |
|---|---|
| সুপারভাইজার | তারিখ |

| | | |
|---|---|---|
| শিক্ষার্থীর নাম (শেষ, প্রথম) | DOB (জন্মতারিখ) | OSIS# |

বাড়ির ঠিকানা

| | |
|---|---|
| বাড়ির ডিস্ট্রিক্ট | স্কুল (DBN) |

## ডাক্তারের যোগাযোগের তথ্য

| | | |
|---|---|---|
| ডাক্তার চিকিৎসা সংক্রান্ত অনুরোধকারী ডাক্তার | অফিসের নম্বর | এক্সটেনশন |
| সেল ফোন নাম্বার | পেজার | ইমেইল |

## বাড়িতে শিক্ষানির্দেশনার প্রাথমিক অনুরোধকারী

❑ পিতামাতা ❑ স্কুল ❑ মেডিকেল অফিস ❑ অন্যান্য ____________________

❑ বাড়িতে শিক্ষানির্দেশনার প্রাথমিক অনুরোধ

❑ বর্তমানে থেকে বাড়িতে শিক্ষানির্দেশনায় আছে এবং অব্যাহত রাখার অনুরোধ করা হচ্ছে

❑ অফিস অভ স্কুল হেলথ-এর ডাক্তার কর্তৃক প্রাথমিকভাবে অনুমোদিত

❑ বাড়িতে শিক্ষানির্দেশনার প্রাথমিক অনুরোধের ভিত্তি ____________________

❑ আগে ___________ থেকে _____________ পর্যন্ত বাড়িতে শিক্ষানির্দেশনায় ছিলো, স্কুলে ফিরেছে

❑ বাড়িতে শিক্ষানির্দেশনার জন্য কতবার অনুরোধ করা হয়েছে ____________________

❑ বাড়িতে শিক্ষানির্দেশনা প্রদান করা হয়েছে ______________ বার

## সুপারভাইজারের মন্তব্য

# চিকিৎসাজনিত কারণে বাড়িতে শিক্ষানির্দেশনার অনুরোধ

(শিক্ষার্থীর চিকিৎসার দায়িত্বে থাকা ডাক্তার বা মনোচিকিৎসক পূরণ করবেন)

শিক্ষার্থীর নাম (শেষ, প্রথম):________________________________________জন্মতারিখ:___________________

আমার অধীনে নিম্নলিখিত রোগের চিকিৎসা গ্রহণ করছে (নির্ণীত অসুস্থতা):____________________________________

*বাড়িতে শিক্ষানির্দেশনা প্রদান করা হয় K-6 গ্রেডগুলোর জন্য সপ্তাহে 5 ঘণ্টা এবং 7-12 গ্রেডগুলোর জন্য সপ্তাহে 10 ঘণ্টা*

**অনুগ্রহ করে শিক্ষার্থীর বাড়িতে শিক্ষানির্দেশনা পরিষেবার প্রয়োজনীয়তা সম্পর্কে ডিপার্টমেন্ট অভ এডুকেশনকে অবহিত করার জন্য শিক্ষার্থীর সীমাবদ্ধতাকে সংজ্ঞায়িত করে বিস্তারিত ও সুনির্দিষ্ট তথ্য দিন। প্রয়োজনে বাড়তি নথিপত্র সংযুক্ত করুন।**

____________________________________________________________________________________________

____________________________________________________________________________________________

____________________________________________________________________________________________

____________________________________________________________________________________________

__________________________________________________________________

**আমি এতদ্বারা এই শিক্ষার্থীকে বাড়িতে শিক্ষানির্দেশনা প্রদানের অনুরোধ জানাচ্ছি কারণ নির্ণীত এই/এসব রোগের জন্য উপর্যুক্ত সীমাবদ্ধতা শিক্ষার্থীর স্কুলে যাওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধক**

**এই অনুরোধ ভিত্তি হলো: ❑ পিতামাতাদের অনুরোধ ❑ আমার পেশাগত মতামত ❑অন্যান্য:________________________**

**আমি সপ্তাহে_______ঘণ্টার জন্য (4 সপ্তাহের চেয়ে কম নয়) বাড়িতে শিক্ষানির্দেশনা প্রদানের অনুরোধ করছি**

পেশাজীবির নাম (প্রিন্ট):___________________________________ডিগ্রি:___________________________

পেশাজীবির মূল সই:___________________________________লাইসেন্স:___________________________

## যোগাযোগের তথ্য

টেলিফোন #_________________________এক্সটেনশন_____________ইমেইল____________________________________________

সেলফোন____________________________________পেজার #_______________________________________

যে সময়ে/কর্মকালে আমার সাথে যোগাযোগ করা যাবে: সোম________ মঙ্গল________ বুধ________ বৃহস্পতি_______ শুক্রবার________

❑ তত্ত্বাবধানকারী চিকিৎসক বা কর্মী ❑ মনোচিকিৎসক ❑ নার্স প্র্যাকটিশনার ❑ ওরাল সার্জন ❑ পডায়াট্রিস্ট

❑ অন্যান্য_____________________________________ **নোট: এই ফর্ম পূর্ণ করার জন্য বাসিন্দাদের কারও অনুমোদন নেই।**

প্র্যাকটিশনারের সীলমোহর:

## <u>সকল রেফারেল যথাযথ বরো অফিসে পাঠাতে হবে:</u>

**❑ ব্রংক্স**

470 Jackson Avenue; Room 112
Bronx, NY 10455
(P) 718-742-0972
(F) 718-742-1792

- ❑ **ব্রুকলিন**

  360 36 Street
  Brooklyn, NY 11232
  <u>Room 308</u>
  (P) 718-369-5523
  (F) 718-369-5524
  <u>Room 317</u>
  (P) 718-499-2794
  (F) 718-499-4009

- ❑ **ম্যানহ্যাটান**

  250 West Houston Street; Room 212
  (P) 646-486-3557
  (F) 646-486-3556

- ❑ **কুইন্স**

  142-10 Linden Boulevard; Room 228
  Jamaica, NY 11436
  (P) 718-558-2040
  (F) 718-529-0292

- ❑ **স্ট্যাটেন আইল্যান্ড**

  360 36 Street; Room 301
  Brooklyn, NY 11232
  (P) 718-369-5550
  (F) 718-499-2305